

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date: 06-09-2025

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

President:

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, কন্যাদের সর্বোত্তম শিক্ষা প্রদান করা নারী-নেতৃত্বাধীন উন্নয়নকে উৎসাহিত করার সবচেয়ে কার্যকর উপায়। গতকাল নয়াদিল্লিতে জাতীয় শিক্ষক পুরস্কার ২০২৫ প্রদানের পর নিজের ভাষণে রাষ্ট্রপতি জোর দিয়ে বলেন, মেয়েদের শিক্ষাকে সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়া উচিত। তিনি আরও বলেন, মেয়েদের শিক্ষায় বিনিয়োগ পরিবার, সমাজ এবং জাতির উন্নয়নে একটি অমূল্য অবদান। সাম্প্রতিক বছরগুলিতে উচ্চশিক্ষায় মেয়েদের মোট ভর্তির অনুপাত উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পাওয়ায় রাষ্ট্রপতি সন্তোষ প্রকাশ করেছেন। রাষ্ট্রপতি বলেন, শিক্ষা মানুষের ক্ষমতায়ন নিশ্চিত করে, সমাজের দুর্বলতম অংশের শিশুদের উল্লেখযোগ্য অগ্রগতি অর্জনে সক্ষম করে তুলতে পারে। তিনি বলেন, খাদ্য, বস্ত্র এবং আশ্রয়ের মতোই, একজন ব্যক্তির মর্যাদা এবং নিরাপত্তার জন্য শিক্ষা অপরিহার্য।

এদিকে, এই অনুষ্ঠানেই রাজ্যের গোমতি জেলার হরিয়ানন্দ ইংরেজি মাধ্যম বিদ্যালয়ের শিক্ষিকা বিদিশা মজুমদার রাষ্ট্রপতির হাত থেকে জাতীয় শিক্ষকের পুরস্কার গ্রহণ করেন।

Teachers Day-C.M:

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে রূপায়িত নতুন জাতীয় শিক্ষা নীতি চালু হওয়ায় রাজ্যের ছেলেমেয়েরা নতুন

দিশা পাচ্ছে। রাজ্যে স্কুল থেকে শুরু করে কলেজ বিশ্ববিদ্যালয় স্তর পর্যন্ত জাতীয় শিক্ষা নীতির মাধ্যমে নতুন নতুন কার্যক্রম চালু করা হয়েছে। গতকাল আগরতলায় রবীন্দ্র শতবার্ষিকী ভবনে রাজ্য ভিত্তিক শিক্ষক দিবস উদযাপন অনুষ্ঠানে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী শিক্ষক শিক্ষিকাদের ভবিষ্যৎ প্রজন্মের ছাত্র ছাত্রীদের জন্য আলোক বর্তিকা হিসাবে উল্লেখ করেন। তিনি বলেন, শিক্ষিত নাগরিক হিসাবে ছাত্র সমাজকে গড়ে তুলতে রাজ্যের শিক্ষক সমাজ যথেষ্ট আন্তরিকভাবে কাজ করছেন।

বিদ্যালয় শিক্ষা দপ্তর আয়োজিত এই অনুষ্ঠানে ৩৬ জন শিক্ষক শিক্ষিকাকে সংবর্ধনা জ্ঞাপন করা হয়। বিশিষ্ট শিক্ষাবিদ ডাক্তার অতুল দেববর্মাকে পন্ডিত ঈশ্বর চন্দ্র বিদ্যাসাগর সন্মান, প্রধান শিক্ষিকা প্রণতি দেববর্মাকে মহারানী তুলসীবতী সন্মান ও বিশিষ্ট শিক্ষক ভারতীয় বিমান বাহিনীর প্রাক্তন আধিকারিক সমীর চক্রবর্তীকে ডঃ শ্যামাপ্রসাদ মুখার্জি সন্মান প্রদান করা হয়।

Teachers Day -South Tripura:

দক্ষিণ জেলার আটটি ব্লকে এবং জোলাইবাড়ি ব্লকের বৃন্তক শিক্ষানিকেতন ও পিলাক পাবলিক স্কুল সহ বিভিন্ন বেসরকারি স্কুলে গতকাল যথাযথ মর্যাদায় ৬৪ তম শিক্ষক দিবস পালিত হয়। বিলোনিয়ার পুরাতন টাউন হলে বিলোনিয়া পুর পরিষদ ও ভারতচন্দ্র নগর ব্লক ভিত্তিক শিক্ষক দিবসের অনুষ্ঠান হয়। এছাড়া, জোলাইবাড়ি দ্বাদশ স্কুলে জোলাইবাড়ি ব্লক ভিত্তিক এবং শান্তিরবাজারের মুকুট অডিটোরিয়ামে বকাফা ব্লকভিত্তিক শিক্ষক দিবসের অনুষ্ঠান হয়।

GST REFORM – reaction:

স্বাধীনতা দিবসে লালকেল্লার প্রাকার থেকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দীপাবলির আগে পরবর্তী প্রজন্মের জিএসটি সংস্কারের ঘোষণা করেছিলেন। চলতি মাসের ৩ তারিখে জিএসটি বা পণ্য ও পরিষেবা কর পরিষদ কর হার যুক্তিসঙ্গতকরনে অনুমোদন প্রদানের মাধ্যমে আরও দক্ষ এবং নাগরিক-বান্ধব অর্থনীতি তৈরি প্রসঙ্গে প্রধানমন্ত্রীর দৃষ্টিভঙ্গিকে বাস্তবায়িত করায় উদ্যোগী হয়েছে। এই সংস্কারগুলি অনেক ক্ষেত্রে করের হার হ্রাস করে মানুষের জীবনকে সহজ করেছে। আজ, শিক্ষা ক্ষেত্রের জন্য গৃহীত সংস্কারগুলিতে আসুন নজর দেওয়া যাক।

#####V/O#####

Meyor Visit:

আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার জানিয়েছেন, ভারী বৃষ্টির সময় আগরতলা শহরকে জলমগ্ন অবস্থা থেকে মুক্ত করার জন্য পুর নিগম, স্মার্ট সিটি লিমিটেড এবং পূর্ত দপ্তর মিলিতভাবে একাধিক প্রকল্প বাস্তবায়নের কাজ করছে। আধুনিক প্রযুক্তি ব্যবহার করে শহরের ড্রেনেজ ব্যবস্থা উন্নত করা হবে। গতকাল আগরতলা শহরে কভার ড্রেন নির্মানের কাজের অগ্রগতি পরিদর্শনের সময় মেয়র শ্রী মজুমদার সাংবাদিকদের একথা জানান।

Rajib Bhattacharjee:

মহারানী তুলসীবতী বালিকা বিদ্যালয়ের প্রাক্তনীদেব উদ্যোগে আগরতলা প্রেসক্লাবে গতকাল আয়োজিত শিক্ষক দিবস উদযাপন অনুষ্ঠানের উদ্বোধন করেন সাংসদ রাজীব ভট্টাচার্য। অনুষ্ঠানে বিদ্যালয়ের তিনজন কৃতি ছাত্রীকে কাজল রায় চৌধুরী স্মৃতি মেধাবৃত্তি প্রদান করা হয়। তাছাড়া গুণীজনদের

সম্বর্ধনা জানানো হয়। উপস্থিত ছিলেন শিক্ষাবিদ অভিজিৎ ভট্টাচার্য, এলামনির সম্পাদিকা চন্দ্রা রায় প্রমুখ। শিক্ষক দিবসে এ ধরনের আয়োজনের জন্য সাংসদ শ্রী ভট্টাচার্য উদ্যোক্তাদের ধন্যবাদ জানিয়েছেন।

Football:

চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন ফুটবলের সুপার লিগের খেলা শুরু হয়েছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে নৈশালোকে অনুষ্ঠিত প্রথম খেলায় এগিয়ে চলো সংঘ জয়লাভ করেছে। গত রাতের খেলায় এগিয়ে চলো সংঘ ২-১ গোলে কল্যাণ সমিতিতে পরাজিত করে।

Weather:

আগরতলা ও তার পার্শ্ববর্তী অঞ্চলে আজ আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। বিক্ষিপ্তভাবে দু'এক পশলা বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াস-এর কাছাকাছি থাকতে পারে। আগরতলা বিমানবন্দরে আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭.৭ ডিগ্রি সেলসিয়াস। গত ২৪ ঘন্টায় বৃষ্টি হয়েছে ০.২ মিলিমিটার।
